

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১১২

১/ ঈমান

পরিচ্ছেদঃ পরকালে ঈমান

আরবী

عَنْ أَبِيْ هُرِيْرَةَ قَالَ قَالُواْ يَا رَسُولَ اللهِ هَلْ نَرَى رَبَّنَا يَوْمَ الْقِيَامَةِ قَالَ هَلْ تُضَارُونَ فِي رُوْيَةِ الْقَمَرِ رُوْيَةِ الشَّمْسِ فِي الظَّهِيرَةِ لَيْسَتْ فِي سَحَابَةٍ قَالُواْ لاَ قَالَ فَهَلْ تُضَارُونَ فِي رُوْيَةِ الْقَمَرِ لَيْنَةَ الْبَدْرِ لَيْسَ فِي سَحَابَةٍ قَالُواْ لاَ قَالَ فَوَالَّذِي نَفْسِي بِيدِهِ لاَ تُضَارُونَ فِي رُوْيَةٍ رَبِّكُمْ إِلاَّ كَمَا تُضَارُونَ فِي رُوْيَةٍ أَحَدِهِمَا قَالَ _ فَيَلْقَي الْعَبْدَ فَيَقُولُ أَيْ فُلْ أَلَمْ أُكْرِمِكُ وَأُسَوِّدُكَ وَأُسَخِّرْ لَكَ الْخَيْلَ وَالإِبِلِ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ بَلَى قَالَ فَيَقُولُ أَفَظَنَنْتَ أَلْكُمْ وَالْإِبِلَ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ بَلَى قَالَ فَيَقُولُ أَلَمْ وَأَنْوَجِكَ وَأُسَخِّرْ لَكَ الْخَيْلَ وَالإِبِلَ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ أَلَمْ وَأُنْوَجِكَ وَأُسَخِرْ لَكَ الْخَيْلَ وَالإِبِلَ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ بَلَى أَلُمْ أَنْ مُلاقِيَّ فَيَقُولُ بَلَى الْخَيْلَ وَالإِبِلَ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ بَلَى أَلُمْ أَلُمْ وَيُقُولُ أَلْمُ وَيُقُولُ اللّهَ عَلَى النَّالِكَ مَالَوْقَ وَيُولُ بَلِكَ الْخَيْلُ وَالْإِلِلَ وَأَذَرْكَ تَرْأَسُ وَتَرْبَعُ فَيَقُولُ بَلَى الْفَيْلِ الْفَالِكَ وَمِكَالًاكَ كَمَا نَسِيتَنِي تُمْ قَيْقُولُ بَلَى النَّالِكَ وَمِكَلَيْتُ وَيَقُولُ بَلَى النَّالِكَ وَمِكَنَاتُ وَيَقُولُ لَكُ الْمَالِكَ وَمِرُسُلِكَ وَعِمَلِهِ وَيُقُلُ لَكُ الْبَعْنِ مِنْ نَفْسِهِ مَنْ ذَا الَّذِي يَشْهَدُ عَلَى فَيُعْرَامِ وَذَلِكَ لِيعُذِرَ مِنْ نَفْسِهِ وَذَلِكَ الْقَدَى يَسْخَطُ اللهُ عَلَيْهِ وَيَظَامُهُ بِعَمَلِهِ وَذَلِكَ لِيعُذِرَ مِنْ نَفْسِهِ وَذَلِكَ النَّذِي يَسْخَطُ اللهُ عَلَيْهِ وَذَلِكَ النَّذِي يَسْخَطُ اللهُ عَلَيْهِ وَلَوْلَ لَالُولُو اللّهَ وَذَلِكَ النَّذِي يَسْخَطُ اللهُ عَلْهِ

বাংলা

(১১২) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা সাহাবাগণ জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রসূল! কিয়ামতের দিন আমরা কি আমাদের প্রতিপালককে দেখতে পাব? তিনি বললেন, তোমরা কি মেঘহীন দিন-দুপুরে সূর্য দেখতে কোন অসুবিধা বোধ কর? তাঁরা বললেন, 'জী না।' তিনি বললেন, তোমরা কি মেঘহীন রাতে পূর্ণিমার চাঁদ দেখতে কোন অসুবিধা বোধ কর? তাঁরা বললেন, 'জী না।' তিনি বললেন, সেই সন্তার কসম, যাঁর হাতে আমার জীবন আছে! তোমরা তোমাদের প্রতিপালককে দেখতে কোন অসুবিধা বোধ করবে না, যেমন ঐ দু'টির একটিকে দেখতে কোন অসুবিধা বোধ কর না।



আল্লাহ বান্দার সাথে সাক্ষাৎ করে বলবেন, 'হে অমুক! তোমাকে কি সম্মানিত করিনি, তোমাকে কি নেতা বানাইনি? তোমাকে কি বিবাহ-বন্ধনে আবদ্ধ করিনি? তোমার জন্য কি ঘোড়া ও উটকে বশীভূত ক'রে দিইনি? তোমাকে কি নেতৃত্ব করতে ও ধন-মালে হুকুম চালাতে ছেড়ে দিইনি?' বান্দা বলবে, 'অবশ্যই।' আল্লাহ বলবেন, 'তুমি কি ধারণা করতে যে, তুমি আমার সাথে সাক্ষাৎ করবে?' বান্দা বলবে, 'না।' আল্লাহ বলবেন, 'তাহলে আমি তোমাকে ভুলে যাব, যেমন তুমি আমাকে ভুলে ছিলে।'

অতঃপর দ্বিতীয় এক বান্দার সাথে সাক্ষাৎ ক'রে অনুরূপ বলবেন। অতঃপর তৃতীয় এক বান্দার সাথে সাক্ষাৎ ক'রে অনুরূপ বলবেন। সে বলবে, 'হে আমার প্রতিপালক! আমি তোমার প্রতি, তোমার কিতাব ও রসূলসমূহের প্রতি ঈমান এনেছি, নামায পড়েছি, রোযা করেছি, দান-খয়রাত করেছি।' এই শ্রেণীর সে আরো যথাসাধ্য ভালো কাজের উল্লেখ করবে। আল্লাহ বলবেন, 'সুতরাং থামো এখানে!' অতঃপর বলবেন, 'এখন তোমার বিরুদ্ধে আমার সাক্ষী খাড়া করব।' সে তখন মনে মনে চিন্তা করবে, 'আমার বিরুদ্ধে কে সাক্ষি দেবে?' অতঃপর তার মুখে মোহর লাগিয়ে দেওয়া হবে এবং তার জাং, মাংস ও হাড়কে বলা হবে, 'কথা বল।' সুতরাং তার জাং, মাংস ও হাড় তার কৃতকর্মের ব্যাপারে কথা বলবে; যাতে তার কোন ওযর অবশিষ্ট না থাকে। এ হবে মুনাফিক। এ হবে সেই ব্যক্তি, যার প্রতি আল্লাহ রাগান্বিত হবেন।

ফুটনোট

(মুসলিম ৭৬২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন